

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২৪, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১লা পৌষ ১৪১০/১৫ই ডিসেম্বর ২০০৩

এস, আর, ও নং ৩৪৬-আইন/২০০৩—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৪৮-আইন/২০০৩, তারিখ ১৮ই আগস্ট, ২০০৩ ইংরেজী মোতাবেক ৩রা ভাদ্র, ১৪১০ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে চাঁদপুর জেলার হাজীগঞ্জ মিউনিসিপ্যালিটিভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণের উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ সম্প্রসারণের প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য চাঁদপুর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে সম্প্রসারণের পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4 (2) এর অধীন উক্তরূপ সম্প্রসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(১২৫২১)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4 (b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৩ই পৌষ, ১৪১০ বাংলা মোতাবেক ২৭শে ডিসেম্বর, ২০০৩ ইংরেজী তারিখ হইতে হাজীগঞ্জ মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণ করিল, যথা :-

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল, নং | দাগ নম্বর |
|-----------|-------------------|-----------------|------------|-----------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | ৭নং বড়কুল পশ্চিম | রাঙ্গুনীমুড়া | ২৪৪ | ০১—২০৪৬ |
| (২) | ৫নং হাজীগঞ্জ সদর | শ্রী নারায়ণপুর | ১৯০ | ১৯৪—৩১১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান
সিনিয়র সহকারী সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন হুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।